

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/14/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো শনিবার জাতীয় ট্যুরেট সিনড্রোম সচেতনতা মাস (NATIONAL TOURETTE SYNDROME AWARENESS MONTH) উপলক্ষে মারিও এম. কুওমো সেতুতে (MARIO M. CUOMO BRIDGE) নীলাভ সবুজ আলোকসজ্জা করার নির্দেশনা দিয়েছেন

*আনুমানিক 200,000 জন আমেরিকান গুরুতর পর্যায়ের ট্যুরেট সিনড্রোমে আক্রান্ত*

*যুক্তরাষ্ট্রের 5 থেকে 17 বছর বয়সী প্রতি 160 জন শিশুর 1 জন এই রোগে আক্রান্ত*

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ গভর্নর মারিও এম. কুওমো সেতুতে 15 জুন, শনিবার সন্ধ্যায় জাতীয় ট্যুরেট সিনড্রোম সচেতনতা মাস উপলক্ষে নীলাভ সবুজ আলোকসজ্জা করার নির্দেশনা দিয়েছেন। ট্যুরেট সিনড্রোম একটি সারাজীবনের সমস্যা এবং ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোলজিকাল ডিসঅর্ডারস এন্ড স্ট্রোক (National Institute of Neurological Disorders and Stroke) এর তথ্যমতে দেখা যায় যে যুক্তরাষ্ট্রের প্রায় 200,000 মানুষ এই রোগের সর্বাধিক গুরুতর অবস্থায় ভুগছেন। এর চেয়ে আরো বেশি সংখ্যক আমেরিকানদের মধ্যে ট্যুরেট সিনড্রোমের অপেক্ষাকৃত কম গুরুতর লক্ষণ যেমন ভোকাল টিকস (vocal tics) দেখা যায়।

"ট্যুরেট সিনড্রোম অনেকে যতটা উপলব্ধি করতে পারে তার চেয়ে অনেক বেশি ব্যাপক এবং যদিও এই দুরারোগ্য রোগের চিকিৎসা বিদ্যমান সেগুলো প্রায়ই রোগী ও তাদের পরিবারের জন্য বোঝা হয়ে দাঁড়ায়", **গভর্নর কুওমো বলেন।** "সচেতনতা বৃদ্ধি এবং জাতীয় ট্যুরেট সিনড্রোম সচেতনতা মাস সমাপ্ত হওয়া উপলক্ষে যারা এই জীবনব্যাপী রোগে আক্রান্ত হয়েছেন তাদের সম্মানে শনিবার সন্ধ্যায় মারিও এম. কুওমো সেতুতে নীলাভ সবুজ আলোকসজ্জা করার নির্দেশ দিচ্ছি।"

ট্যুরেট অ্যাসোসিয়েশন অব আমেরিকা (Tourette Association of America) তথ্যমতে ট্যুরেট সিনড্রোম মেয়েদের তুলনায় ছেলেদের মধ্যে তিন থেকে পাঁচগুণ বেশি ব্যাপক। ট্যুরেট সিনড্রোমের কোনো প্রতিকার জানা নেই এবং চিকিৎসার মধ্যে একাধিক ওষুধ ও থেরাপি অন্তর্ভুক্ত যার ব্যয় প্রায়শই বহনযোগ্য হয় না।

এ সপ্তাহে, নিউ ইয়র্ক স্টেট সেনেট একটি আইন পাশ করেছে যেখানে গভর্নর কুওমো জাতীয় ট্যুরেট সিনড্রোম সচেতনতা মাস উদযাপনের সাথে একাত্ম হয়ে 2019 সালের 15 মে থেকে 15 জুন সময়কে নিউ ইয়র্ক স্টেটে ট্যুরেট সিনড্রোম সচেতনতা মাস হিসেবে প্রস্তাব করেছেন।

**সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন,** "জাতীয় ট্যুরেট সিনড্রোম সচেতনতা মাস গবেষণায় উল্লেখ্য এবং এই রোগে আক্রান্তদের সামাজিক গ্রহণযোগ্যতা বৃদ্ধির সুযোগ সৃষ্টি করে। নিউ ইয়র্কের হাজারো পরিবার এই ট্যুরেট সিনড্রোম কর্তৃক প্রভাবিত এবং এই রোগ সংক্রান্ত নিন্দা দূর করা ও সচেতনতা বৃদ্ধির ফলে তাদের জীবনযাত্রার মান উন্নত হবে। সেনেট সংখ্যাগরিষ্ঠ নিউ ইয়র্ক স্টেটজুড়ে এই রোগের কারণে প্রভাবিত শিশু, পরিবার ও ব্যক্তিবর্গের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ।"

**অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন,** "অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ ট্যুরেট সিনড্রোম কর্তৃক প্রভাবিত প্রত্যেক নিউ ইয়র্কবাসীর পাশে দাঁড়াতে পেরে গর্বিত এবং তারা গণসচেতনতা বৃদ্ধি, সামাজিক গ্রহণযোগ্যতার প্রসার এবং স্টেটজুড়ে এই জটিল রোগের সাথে জড়িত চ্যালেঞ্জগুলো মোকাবেলায় কমিউনিটিগুলোর ক্ষমতায়নে কাজ করে যাচ্ছে। আমাদের প্রত্যাশা সেতুর আলোকসজ্জা এই নিউ ইয়র্কবাসীদের সাথে আমাদের সংহতির প্রতীক হবে।"

**সেনেটর শেলী মেয়ার বলেন,** "জাতীয় ট্যুরেট সিনড্রোম মাস উপলক্ষে মারিও এম. কুওমো সেতু নীলাভ সবুজ আলোকসজ্জায় সজ্জিত করার জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ। ট্যুরেট সিনড্রোম একটি দুরারোগ্য অবস্থা যা শিশুদের জন্য বিশেষভাবে কঠিন হতে পারে। আমি আমাদের ওয়েস্টচেস্টার কাউন্টি ইয়ুথ অ্যাসোসিয়েশনের ট্যুরেট অ্যাসোসিয়েশন অব আমেরিকার পক্ষ থেকে সচেতনতা বৃদ্ধি এবং ট্যুরেট সিনড্রোমে আক্রান্তদের প্রতি সহনশীলতা ও সহানুভূতির প্রসার ঘটানোর জন্য ধন্যবাদ জানাই।"

**ট্যুরেট অ্যাসোসিয়েশন অব আমেরিকার হাডসন ভ্যালি শাখার প্রধান হেলেন ওয়ালিসেভার বলেন,** "সেতুর এই আলোকসজ্জা ব্যাপকভাবে ভুলবোঝা এই ব্যাধির প্রতি আমাদের সচেতনতা বৃদ্ধির মিশনে সহায়ক হবে। কমিউনিটিতে ব্যাপকভাবে ট্যুরেট সংক্রান্ত অধিক সহানুভূতির প্রসারের ফলে এই রোগে আক্রান্ত শিশু ও প্রাপ্তবয়স্কদের স্বাস্থ্য ও সুস্থতার উপর ইতিবাচক প্রভাব পড়বে।"

**ট্যুরেট অ্যাসোসিয়েশন অব আমেরিকার ইয়ুথ অ্যাসোসিয়েশনের এবং হার্টসডেলের অধিবাসী আলেকজান্দ্রা কাটলার বলেন,** "এই শনিবার রাতে ট্যুরেট সিনড্রোম সংক্রান্ত সচেতনতা বৃদ্ধি এবং সামাজিক গ্রহণযোগ্যতা সৃষ্টিতে সাহায্য করার উদ্দেশ্যে গভর্নর মারিও এম. কুওমো সেতুতে নীলাভ সবুজ আলোকসজ্জার ব্যবস্থা করায় আমি গভর্নর কুওমো এবং আমাদের নির্বাচিত কর্মকর্তাদের ধন্যবাদ জানাতে চাই। আমার সঠিকভাবে রোগ নির্ণয়ে বহু বছর সময় লেগেছিল এবং শিশুরা যেন তাদের প্রয়োজনীয় সাহায্য যতদ্রুত সম্ভব পেতে পারে তা নিশ্চিত করার জন্য আমি সম্ভাব্য সবকিছু করতে চাই।"

###

আনসাবন্ধাইব করণ